# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৯৭. সফরে সিয়াম পালন করা উত্তম, নাকি ভঙ্গ করা উত্তম?

মুসাফিরের জন্য যেটা সহজ সেটাই উত্তম। সফররত অবস্থায় সিয়াম পালন যদি কষ্টকর হয়ে যায় তাহলে ভেঙ্গে ফেলাই উত্তম। অতি বেশি কষ্ট করে সিয়াম পালন করা ঠিক নয়। আল্লাহ তাআলা বলেন,

“আল্লাহ তোমাদের জন্য সহজ চান, কঠিন চান না।” (সূরা ২; বাকারা ১৮৫) মক্কা বিজয়ের বৎসর মক্কার উদ্দেশ্যে কুরা আলগামীম নামক স্থানে এসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবাদের সামনে আসর বাদ সিয়াম ভঙ্গ করে পানি পান করলেন। (মুসলিম: ১১১৪)

জাবের (রা.)-এর এক হাদীসে বর্ণিত হয়েছে যে, সফরে কষ্ট হওয়ার পর ও একদল লোক সিয়াম পালন করেই যাচ্ছে। বিষয়টি জানার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

“তারা পাপী তারা পাপী।” (মুসলিম: ১১১৪) উপরিউক্ত হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, সফররত অবস্থায় অতিমাত্রায় কষ্ট করে সিয়াম পালন করা পরহেজগারীর কাজ নয়, বরং এটা পাপের কাজ।

একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক জায়গায় কিছু মানুষের ভীড় দেখে এগিয়ে দেখলেন যে, এক লোককে ছায়া দেওয়া হচ্ছে। তিনি বললেন, সে কে? লোকেরা বলল, এ ব্যক্তি রোযাদার। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

“সফরে সিয়াম পালন করা ভালো কাজ নয়।” (বুখারী ১৯৪৬ও মুসলিম: ১১১৫) এসব দলীলের ভিত্তিতে প্রমাণিত হয় যে, সফর কষ্টকর হলে রোযা না রাখাই শ্রেয়। আর ভ্রমণ যদি খুব বেশি কষ্টের না হয় তাহলে সিয়াম পালন করাই উত্তম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15182

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন